



## এক্সিম ব্যাংকে আর্থিক স্বাক্ষরতা দিবস পালিত

বাংলাদেশ ব্যাংকের আর্থিক স্বাক্ষরতা কার্যক্রমের আওতায় এ বছর প্রথমবারের মত চালু হওয়া আর্থিক স্বাক্ষরতা দিবস পালন করেছে এক্সিম ব্যাংক। গত ৬ মার্চ ২০২৩ এই দিবসটি পালনের অংশ হিসেবে ব্যাংকের প্রধান কার্যালয়সহ দেশব্যাপী এক্সিম ব্যাংকের সকল শাখা ও উপশাখার উদ্যোগে আলোচনা অনুষ্ঠান, প্রাণিক ও ভাসমান সাধারণ জনগণের মধ্যে আর্থিক স্বাক্ষরতা কার্যক্রম পরিচালনা, উঠান বৈঠক, আর্থিক স্বাক্ষরতা বিষয়ক পুষ্টিকা বিতরণ, ব্যানার প্রদর্শন ও প্রচারণা কার্যক্রম পরিচালনা করা হয়।

আর্থিক স্বাক্ষরতা দিবস উপলক্ষে ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ ফিরোজ হোসেন বলেন, আর্থিক স্বাক্ষরতা দিবস পালনের মাধ্যমে দেশের সকল শ্রেণির মানুষকে ব্যাবকিংয়ের আওতায় আনার লক্ষ্য অর্জন সহজতর হবে।

